

## তারশঙ্কর বিষয়ক আলোচনা সভার জন্য গবেষণা-প্রস্তাব আহ্বান: বিশেষ বিজ্ঞপ্তি

বিশ্বভারতীর বাংলা বিভাগ গবেষকদের জন্য *তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের সাহিত্য: বিষয় ও রূপ* শীর্ষক একদিবসীয় আলোচনা সভার আয়োজন করেছে। এই আলোচনা সভা আগামী ১১.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। আগ্রহী গবেষকদের এই আলোচনা সভায় যোগদানের জন্য আগামী ২২.১১.২০২২ তারিখের মধ্যে অনধিক পাঁচশো (৫০০) শব্দে প্রস্তাবিত বক্তৃতা-নিবন্ধের বস্ত্তসার প্রেরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে। প্রস্তাবটি ইউনিকোডে টাইপ করে ই-মেলে পাঠাতে হবে।

নিচে যে বিষয়গুলি নির্দেশ করা হয়েছে সেই বিষয়গুলির মধ্য থেকে যে কোনো একটি বিষয়কে ভিত্তি করে বক্তৃতা-নিবন্ধের কাঠামো গড়ে তোলা বিধেয়। বস্ত্তসার প্রেরণের সময় কোন বিষয়কে ভিত্তি করে সেটি নির্মিত তা উল্লেখ করা আবশ্যিক। বিষয়গুলি হল যথাক্রমে,

তারশঙ্করের সাহিত্যে বাস্তবতা

তারশঙ্করের সাহিত্যে বাস্তব নর-নারী

তারশঙ্করের সাহিত্যে ‘প্রকৃতিবাদী’ (naturalist) অনুষ্ঙ্গ

তারশঙ্করের সাহিত্যে আঞ্চলিকতা

তারশঙ্করের সাহিত্যে লোক-সংস্কৃতির উপাদান

তারশঙ্করের কথাসাহিত্যে দেশজ আখ্যান রীতি

তারশঙ্করের সাহিত্য ও বাংলা চলচ্চিত্র

গবেষণা পত্রটি কেবল তথ্যনিষ্ঠ হলেই হবে না, বিশ্লেষণাত্মক হওয়া জরুরি। তারশঙ্কর বিষয়ক পূর্ববর্তী গবেষকদের বিচার-বিশ্লেষণের পুনরুজ্জির পরিবর্তে মৌলিক চিন্তার প্রকাশ বাঞ্ছনীয়। প্রেরিত প্রস্তাবগুলির মধ্য থেকে বিশেষজ্ঞরা যাঁদের প্রস্তাব নির্বাচন করবেন তাঁদের ২৮.১১.২০২২-এর মধ্যে মেলে জানিয়ে দেওয়া হবে। এই আলোচনা সভায় যোগদানের জন্য কোনও অর্থপ্রদান করতে হবে না। প্রস্তাব-প্রেরকদের মধ্যে যাঁরা যোগ্য বলে নির্বাচিত হবেন কেবল তাঁরাই আলোচনা সভায় নিবন্ধ পাঠের সুযোগ পাবেন। যে কেউ অবশ্য আলোচনা শুনতে আসতে পারেন। প্রবন্ধ পাঠের জন্য যোগ্য বলে বিবেচিত গবেষকদের আলোচনা সভার শেষে শংসাপত্র প্রদান করা হবে।

গবেষকদের আসা-যাওয়ার ও থাকার খরচ তাঁদেরই বহন করতে হবে।

আলোচনা-প্রস্তাব পাঠানোর জন্য ই-মেলে: [tarasankar.vbseminar@gmail.com](mailto:tarasankar.vbseminar@gmail.com)

অধ্যাপক মানবেন্দ্রনাথ সাহা

বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, বিশ্বভারতী